

জুম কনফারেন্সিং এর মাধ্যমে তথ্য অধিকার বাস্তবায়নে জেলার অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটি সেন্টেম্বর/  
২০২১ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি	কাজি মোঃ আবদুর রহমান জেলা প্রশাসক
সভার তারিখ	১০ অক্টোবর ২০২১
সভার সময়	বেলা ১.১০ টা।
স্থান	Zoom Cloud Meeting App এর মাধ্যমে
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

Zoom Cloud Meeting App এর মাধ্যমে সংযুক্ত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনো সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। অতঃপর তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থিত সকলকে অবহিত করেন। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে তথ্য অধিকার আইন বাস্তবায়নের নিমিত্ত নেত্রকোণা জেলার সকল দপ্তর প্রধানকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের বিষয়ে এবং শিক্ষা প্রতিষ্ঠান, ইউনিয়ন পরিষদ ও এনজিওসমূহে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষ নিয়োগ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

২। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	তথ্য অধিকার আইন সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তাকরণ সংক্রান্ত।	তথ্য অধিকার আইন সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২. সহকারী কমিশনার (ভূমি) (সকল)
২.	জেলা ও উপজেলা পর্যায়ে সকল সরকারি অফিস, শিক্ষা প্রতিষ্ঠান ও এনজিওসমূহে তথ্য প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষ নির্ধারণ পূর্বক ওয়েবসাইটে প্রকাশ করে এ কার্যালয়কে অবহিত করার বিষয়ে আলোচনা করা হয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগে এনজিওসমূহের ভূমিকা প্রশংসনীয়।	(ক) শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও এবং সরকারি অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতে হবে। (খ) উক্ত প্রতিষ্ঠান সমূহে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগে তাগিদ দিতে হবে।	১. জেলা পর্যায়ে সকল অফিস, শিক্ষা প্রতিষ্ঠান ও এনজিওসমূহ। ২. উপজেলা পর্যায়ে সকল অফিস ও এনজিওসমূহ। ৩. সহকারী কমিশনার, তথ্য ও অভিযোগ শাখা।
৩.	মনোনীত সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষের অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। জেলা পর্যায়ে ৬০১ জনকে অনলাইন প্রশিক্ষণ দেয়া হয়েছে কোনো উপজেলা হতে প্রশিক্ষণ আয়োজনের তথ্য পাওয়া যায়নি।	প্রশিক্ষণ এর আয়োজন করতে হবে এবং যে সকল অফিসে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষের তালিকা <b>web site</b> - এ প্রকাশ করেন নি তাদের তালিকা <b>web site</b> -এ প্রকাশ করার জন্য তাগিদ দিতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার ও ২. উপজেলা পর্যায়ে সকল অফিস ও এনজিওসমূহ। ৩. সহকারী কমিশনার, আইসিটি শাখা।

৪.	তথ্য প্রাপ্তির জন্য তথ্য অধিকার আইন-২০০৯ মোতাবেক ফরম 'ক' পূরণপূর্বক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদনের বিষয়টি আলোচিত হয়।	তথ্য অধিকার আইন-২০০৯ মোতাবেক ফরম 'ক' পূরণপূর্বক সরাসরি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদন করতে হবে।	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য ও অভিযোগ শাখা
৫.	জেলা ও উপজেলার প্রত্যেক অফিস ও এনজিওসমূহে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষের নাম, ঠিকানা ও ফোন নম্বর দৃশ্যমান স্থানে টানানোর বিষয়ে আলোচনা হয়।	জেলা ও উপজেলার স্ব স্ব অফিস ও এনজিওসমূহে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষের নাম, ঠিকানা ও ফোন নম্বর দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।	সংশ্লিষ্ট সকল।
৬.	তথ্য প্রাপ্তির অধিকার সম্পর্কে প্রচার ও প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন।	(ক) তথ্য পেতে এসে জনগণের যেন হয়রানি হতে না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে এবং তথ্য প্রাপ্তির অধিকার সম্পর্কে প্রচার করতে হবে। (খ) তথ্য অধিকার আইন ২০০৯ এর বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, উপজেলা নির্বাহী অফিসার (সকল), ও জেলা তথ্য অফিসার, নেত্রকোণা।
৭.	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষের তালিকা দৃশ্যমান স্থানে টানানোর বিষয়ে আলোচনা হয়।	দৃশ্যমান স্থানে টানানো নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট সকল।

বর্ণিত সকল বিষয়ে সহকারী কমিশনার, তথ্য ও অভিযোগ শাখা সকল দপ্তরের সাথে যোগাযোগ রাখবেন এবং তথ্য অধিকার আইন-২০০৯ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সম্মিলিতভাবে কাজ করতে ও গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



কাজি মোঃ আবদুর রহমান  
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২০০.০২৩.০৬.০০১.১৬.১২৬

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮

১০ অক্টোবর ২০২১


বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৩) সচিব, তথ্য কমিশন, ঢাকা।
- ৪) পুলিশ সুপার, নেত্রকোণা
- ৫) সিভিল সার্জন, নেত্রকোণা।
- ৬) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।

৭) ..... , নেত্রকোণা, নেত্রকোণা।

৮) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা। , (ওয়েব সাইটে প্রকাশের জন্য)



কাজি মোঃ আবদুর রহমান

জেলা প্রশাসক